



## প্রেস-রিলিজ

### শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোলেমান খানের বরিশাল বিশ্ববিদ্যালয় পরিদর্শন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৩ জুন ২০২৩খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেছেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোলেমান খান। ০৩ জুন ২০২৩ তারিখ দুপুর ২ টায় বরিশাল বিভাগের বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব) মোঃ আমিন উল আহসান, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মোঃ বেলায়েত হোসেন তালুকদার, যুগ্মসচিব (উন্নয়ন-২) সরোজ কুমার নাথসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে নিয়ে তিনি বরিশাল বিশ্ববিদ্যালয় পরিদর্শনে আসেন। বরিশাল বিশ্ববিদ্যালয়ে তাদেরকে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন ও ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। এসময় সচিব মহোদয়কে সম্মাননা স্মারক ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত “স্বাধীনতার সুবর্ণজয়ন্তী-অর্জন ও সম্ভাবনা” শীর্ষক স্মারক সংকলন উপহার দেন উপাচার্য মহোদয়। পরিদর্শন কালে সচিব মহোদয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ট্রেজারার মহোদয়সহ বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভাগীয় প্রধান, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রক্টর, শিক্ষকমন্ডলী, সিনিয়র কর্মকর্তা ও কর্মচারীদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন। এসময় সচিব মহোদয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও অবকাঠামোগত উন্নয়ন কর্মকাণ্ডের খোঁজ খবর নেন এবং এসকল কর্মকাণ্ড যথাযথভাবে সম্পাদনের লক্ষ্যে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এছাড়াও পরিদর্শনকালে উপাচার্য ও ট্রেজারার মহোদয়সহ অন্যান্যদের সাথে নিয়ে ক্যাম্পাসে স্মারক বৃক্ষ রোপন করেন সচিব সোলেমান খান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মুধা  
প্রশাসনিক কর্মকর্তা